# Ramakrishna Vivekananda Mission
## Junior High School
## Model Question Paper -- 2020
## Class -- V
## Subject -- Bengali

**Time :- 2:30 hrs.** **Full Marks -- 100**

---

**১) ‘ফাল্গুন’ কবিতার প্রথম আটটি লাইন কবির নামসহ মুখস্ত লেখ।** **২+৮=১০**

**২) অর্থ লেখ –** **৫×১=৫**

কদর, তালিম, আকাঙ্ক্ষা , মিঠেল , পান্থ

**৩) বিপরীত শব্দ লেখ –** **৫×১=৫**

অচল , গ্রহণ , জেগে , সুরে , দূরে

**৪) পূর্ণ বাক্যে উত্তর দাও–** **১০×১=১০**

ক) কারা ইস্তফা দিতে চায় ?
খ) ‘বনমহোৎসব’ গল্পটি কার লেখা ?
গ) যাত্রীরা কোথায় তর্পণ জুড়ে দিল ?
ঘ) কলেজ জীবনে ঈশ্বরচন্দ্রের আস্তানা কোথায় ছিল ?
ঙ) ‘হিন্দু–মুসলমান’ কবিতায় কবি ‘আকাশ’–কে কার সঙ্গে তুলনা করেছেন ?
চ) ‘তারা ফুলের উপর ঘুমিয়ে পড়ে’ ফুলের মধু খেয়ে – ‘তারা’ বলতে এখানে কাদের কথা বলা হয়েছে ?
ছ) ‘বেনুবন’ –এর অর্থ কি ?
জ) বাঁশির শব্দ চোখ মিলছে কে ?
ঝ) ঘরে একলা বসে রাখাল ছেলেকে কে ডাকছে ?
ঞ) গৌরীকুন্ডের গ্রামে লেখক কখন পৌঁছালেন ?

**৫) নিচের প্রশ্নগুলির উত্তর দাও–** **৪×২½=১০**

ক) ‘মরি–বাঁচি করে না খাটলে নৌকো একেবারে অচল’ – কারা না খাটলে নৌকো অচল ? তারা কিভাবে খাটে ? **১+১½=২½**

খ) তিতির তালিম নিতে চায় কার কাছে ? মানুষকে অরণ্য ধ্বংস করতে হয়েছে কেন ? **১+১½=২½**

গ) “যে বস্তুটির নাম গৌরীকুণ্ড তার দর্শন মিলল এতক্ষণে” – বস্তুটি কি ? বস্তুটির বর্ণনা লেখক কিভাবে দিয়েছেন ? **১+১½=২½**

ঘ) ‘চন্দ্র সূর্য গ্রহ তারা , কোথায় উজল এমন ধারা’ – এখানে ‘উজল’ শব্দের অর্থ কি ? লাইনটির অর্থ ব্যাখ্যা করো । **১+১½=২½**

**<u>ব্যাকরণ থেকে</u>** –

**৬) একটি বাক্যে উত্তর দাও– ১০×১=১০**

ক) বিশেষ সংকেত চিহ্নে ধ্বনিকে লিখলে কি হয় ?

খ) বাক্যের দুটি ভাগের একটি উদ্দেশ্য হলে অপর ভাগটি কি ?

গ) গঠনগত দিক থেকে বাক্য কত প্রকার ?

ঘ) জাতিবাচক বিশেষ্যের একটি উদাহরণ দাও ।

ঙ) ‘আমার জীবনে বাইরের খোলা ছাদ ছিল প্রধান ছুটির দেশ’ – বাক্যটিতে সর্বনাম পদ কোনটি ?

চ) ক্রিয়ার কাল কত প্রকার ?

ছ) যা দিয়ে সংখ্যা বোঝানো হয়, ব্যাকরণে তাকে কি বলে ?

জ) ক্লীবলিঙ্গের একটি উদাহরণ দাও ।

ঝ) ‘আদর’ শব্দটির বিপরীত শব্দ কি ?

ঞ) যে দান করে তাকে এক কথায় কি বলে ?

**৭) নিচের বাক্যগুলির ক্রিয়ার নিচে দাগ দাও– ৫×১=৫**

ক) লোকটা বড্ড হাসে ।

খ) দেশে ফিরে ওরা বাসা বাঁধবে ।

গ) বললে করুন সুরে ।

ঘ) মেয়েরা মঞ্চে নেচেছিল ।

ঙ) নিরাপদে তাদের শীত কাটে ।

**৮) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ লেখ–** **৫×২=১০**

| | | | | |
|---|---|---|---|---|
| অর্ঘ | দিন | শয্যা | দেশ | কুল |
| অর্ঘ্য | দীন | সজ্জা | দ্বেষ | কূল |

**৯) লিঙ্গ পরিবর্তন কর–** **৫×১=৫**

পাঠক, রজক, সাহেব, বেনে, শিষ্য

**১০) <u>গল্পে গদাধর থেকে</u>–** **১০×১=১০**

ক) কত বছর বয়সে গদাধরের উপনয়ন অনুষ্ঠান হয়েছিল ?

খ) ক্ষুদিরামের বড় ছেলের নাম কি ছিল ?

গ) জমিদার রামানন্দ রায় কার সব সম্পত্তি নিলাম করে নিয়েছিলেন ?

ঘ) কার সাথে রামশীলার বিয়ে হয়েছিল ?

ঙ) ক্ষুদিরামের ভাগ্নের নাম কি ছিল ?

চ) কামারপুকুরে কাদের নিষ্কর জমি ছিল ?

ছ) রামকুমার কোথায় লক্ষ্মী পুজো করতে গিয়েছিলেন ?

জ) কত বছর বয়সে গদাধর প্রথম পাঠশালায় যায় ?

ঝ) গদাধরের পাঠশালার গুরুমশাই-এর নাম কি ছিল ?

ঞ) কার সহায়তায় গদাধরের অন্নপ্রাশন ঘটা করে হয়েছিল ?

১১) **পত্র রচনা –** বিদ্যালয়ের কোন অনুষ্ঠানের বর্ণনা জানিয়ে মা কে পত্র লেখ । **১০**

১২) **রচনা লেখ –** স্বামী বিবেকানন্দ । **১০**